

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
+88-02-9511066, +8 8-02-9552323, www.most.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

“ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর
অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত ”


ঢাকা ২৩ ডিসেম্বর, ২০১৮;

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর সর্বশেষ মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সভা আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে বিজ্ঞান ও প্রযুক্তি সচিব মোঃ আনোয়ার হোসেন সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে সচিব বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি অনন্য উদ্যোগ। এর মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানসমূহের বার্ষিক কর্মসম্পাদন কার্যক্রমের গতিশীল হয়েছে। কর্মসম্পাদনের হার এবং স্বচ্ছতা বেড়েছে।

তিনি আরও বলেন, বার্ষিক কর্মসম্পাদনে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সাফল্য ধরে রাখতে হবে। এ সময় তিনি সংস্থাপ্রধানগণকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়নে এগিয়ে আসার আহ্বান জানান। উল্লেখ্য, বিগত বছরগুলোতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের হার ছিল প্রায় শতভাগ। তাই বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বার্ষিক কর্মসম্পাদনে সবসময়ই এগিয়ে ছিল। আগামী অর্থবছরেও সে সাফল্য অব্যাহত থাকবে।

উক্ত অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারী এবং মন্ত্রণালয়স্বতন্ত্র সংস্থাপ্রধানগণ উপস্থিত ছিলেন।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd
royv047@gmail.com